**AKASHVANI SILCHAR**

**REGIONAL NEWS UNIT**

**MORNING NEWS BULLETIN**

**BENGALI**

**DATE: 29 Jan. 26** **TIME: 7:35 AM**

---

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ  দুদিনের সফরসূচী নিয়ে আজ আসামে আসছেন । স্বরাষ্ট্রমন্ত্রী শ্রী শাহ আগামীকাল ডিব্রুগড়ে আসাম বিধানসভার দ্বিতীয় প্রাঙ্গনের শিলান্যাস করবেন এবং একটি জনসভায়  ভাষণ দেবেন । এরপর তিনি ধেমাজীর মিসিং যুব মহোৎসবের সমাপ্তি অনুষ্ঠানে অংশগ্রহণ করবেন । আগামীকালই সন্ধ্যায় কেন্দ্রীয় মন্ত্রী শ্রী শাহ রাজ্য বিজেপির মুখ্য কার্যালয়ে দলীয় কর্মকর্তাদের সঙ্গে আসন্ন বিধানসভা নির্বাচনে দলের রণকৌশল নিয়ে আলোচনা করবেন ।   এরপর শ্রীশাহ পশ্চিমবঙ্গের উদ্দেশ্যে যাত্রা করবেন ।

---

মূখ্যমন্ত্রী ড.হিমন্ত বিশ্ব শর্মা রাজ্যে ভোটার তালিকা পুনরনীরিক্ষণ প্রক্রিয়ায় অবৈধ বিদেশী নাগরিকের বিরুদ্ধে অভিযোগ করার বিষয়টিকে জাতীয় দায়িত্ব হিসেবে গণ্য করতে আহ্বান জানিয়েছেন । মূখ্যমন্ত্রী বলেন যে অবৈধ নাগরিকদের বিরুদ্ধে রাজ্যের সব রাজনৈতিক দল ও সংগঠনগুলিকে নির্বাচন কমিশনের কাছে অভিযোগ করতে হবে । বিদেশী বলে সন্দেহ করা ৫

লক্ষেরও অধিক লোকের বিরুদ্ধে বিজেপির কর্মীরা অভিযোগ দাখিল করেছে বলে মূখ্যমন্ত্রী ড.শর্মা জানান । পরবর্তী সময়ে নির্বাচন কমিশন এই অভিযোগ সম্পর্কে বিবেচনা করবে বলে উল্লেখ করে মূখ্যমন্ত্রী জানান ।

বাইট---মূখ্যমন্ত্রী

---

আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি আজ হাইলাকান্দি জেলার উন্নয়নমূলক প্রকল্পগুলি সরজোমিনে পর্য্যবেক্ষন করবে । কমিটির সভাপতি বিধায়ক নুরুল হুদার নেতৃত্বে আসা এই দল জেলার পাঁচটি উন্নয়ন খন্ডে বাস্তবায়িত গ্রামীন প্রকল্পের বাস্তবায়ন সর্ম্পকে অবগত হবে । পরে বিকেলে প্রতিনিধি দলটি জেলা প্রশাসনের শীর্ষ আধিকারীকদের সঙ্গে একটি পর্য্যালোচনা বৈঠকে অংশ গ্রহন করবে ।

---

এদিকে আসাম বিধানসভার পাবলিক একাউন্টস কমিটি গতকাল শ্রীভূমি জেলা সফর করে বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্প সরেজমিনে পর্যবেক্ষণ করে । প্রতিনিধি দলটি গতকাল শ্রীভূমি জেলার পূর্ত বিভাগের ভবন শাখার নির্মাণ করা শ্রী গৌরী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় ,রামকৃষ্ণনগর মহিলা কলেজ , রামকৃষ্ণনগর উচ্চতর মাধ্যমিক বিদ্যালয় , করিমগঞ্জ মেডিকেল কলেজ ও হাসপাতাল ,রামকৃষ্ণনগর মিনি স্টেডিয়াম , পাথারকান্দি উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের ভবন নির্মাণের কাজ পরিদর্শন সহ জেলায় বাস্তবায়ন করা অন্যান্য প্রকল্পগুলিও পরিদর্শন করে । এরপর বিকেলে শ্রীভূমির জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদীর পৌরহিত্যে অনুষ্ঠিত এক পর্যালোচনা বৈঠক অনুষ্ঠিত হয়েছে ।

উল্লেখ্য আসাম পাবলিক একাউন্টস কমিটির অন্য পাঁচ বিধায়ক সদস্য হলেন, রমেন্দ্র নারায়ণ কলিতা, ভবেন্দ্র ভরালি, করিমুদ্দিন বড়ভূইয়া, আব্দুর রশিদ মন্ডল এবং উৎপল বরা ।

---

সমাজবাদী পার্টি আসন্ন বিধান সভা নির্বাচনে রাজ্যে ২৮টি আসনে প্রার্থী দেবে । দলের সাধারন সম্পাদক তথা উত্তর-পূর্ব ভারতের দায়িত্বপ্রাপ্ত মহাবীর সিং গতকাল হাইলাকান্দিতে সাংবাদিকদের সঙ্গে কথা বলতে গিয়ে জানান যে সমাজবাদী দলের পক্ষ থেকে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য ২৮ জনের প্রার্থী তালিকা প্রস্তুত করা হয়েছে । শ্রীসিং আরো জানান দলের সভাপতি অখিলেশ সিং নির্বাচনী প্রচারে হাইলাকান্দি জেলা সফরে আসবেন এবং প্রচারে অংশ নেবেন।

---

শ্রীমৎ স্বামী প্রণবানন্দজী মহারাজের ১৩১তম আবির্ভাব তিথি উদযাপন ,বৈদিক শান্তিযজ্ঞ ও সঙ্ঘ মাহাত্মা স্মৃতি উৎসব আগামী ৩১ জানুয়ারী থেকে দোসরা ফেব্রুয়ারী পর্যন্ত বিভিন্ন কার্যসূচীর মাধ্যমে পালন করা হবে । তিনদিব্যাপী কার্যসূচীর মধ্যে রয়েছে ৩১শে জানুয়ারী শোভাযাত্রা , সঙ্ঘসঙ্গীত পরিবেশন ,আচার্য বরণ , ভজন সন্ধ্যা , পয়লা ফেব্রুয়ারী মঙ্গলারতি ,উদয়াস্ত কীর্তন ,মহাভিষেক ,পূজারতি ,অন্নকূট ভোগ ,মহাপ্রসাদ বিতরণ এবং দোসরা ফেব্রুয়ারী সঙ্ঘ মাহাত্মা স্মৃতি তর্পণ ,ধর্মীয় আলোচনা সভা অনুষ্ঠিত হবে ।

---

হাইলাকান্দিতে হিট এন্ড রান মামলায় এক পুলিশ কনস্টেবলকে গ্রেপ্তার করা হয়েছে । ধৃত ব্যাক্তির নাম মিনাল আহমেদ লস্কর । তিনি হাইলাকান্দির পুলিশ সুপার কার্য্যলয়ে কর্মরত ছিলেন । আমাদের হাইলাকান্দির সংবাদদাতা জানিয়েছেন যে গতকাল মিনাল আহমেদ লস্করের মোটর সাইকেলের সঙ্গে

একটি অটো রিকশার সংঘর্ষ হয় । দূর্ঘটনায় একজনের মৃত্যু হয়েছে । ঘটনার পর স্থানীয় লোকেদের কথা না শুনে শ্রীলস্কর সেখান থেকে পালিয়ে যান । পরে হাইলাকান্দি পুলিশ মিনাল আহমেদের বিরুদ্ধে হিট এন্ড রান মামলা দায়ের করে তাকে গ্রেপ্তার করে ।

---

হাইলাকান্দি জেলার অতিরিক্ত আয়ুক্ত এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন যে শিরিষপুর  চা বাগানের ফায়ারিং রেঞ্জের পাঁচশ মিটার ব্যাসার্ধের মধ্যে ভারতীয় নাগরিক সংহিতার ১৬৩ ধারার অধীনে আজ সকাল ৬টা থেকে বিকেল ৫টা পর্যন্ত জনসাধারণের  চলাচলের উপর নিষেধাজ্ঞা জারী করা হয়েছে । বিজ্ঞপ্তিতে বলা হয়েছে যে কাশীপুর সি আর পি এফ জওয়ানদের বার্ষিক গুলি চালনার মহড়ার জন্য এই নিষেধাজ্ঞা জারী করা হয়েছে ।

---